শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১১৩.১৯-৫৮৭

তারিখঃ ০২ অগ্রহায়ণ ১৪২৬ ব.
১৭ নভেম্বর ২০১৯ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-১০০২৫/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্র: মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-১০০২৫/২০১৯ মামলার রুলনিশি ও আর্জির কপি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-১০০২৫/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপ:

| রিট পিটিশন নং | পিটিশনার | রেসপনডেন্ট | মামলা দায়েরের কারণ/বিষয় |
|---|---|---|---|
| ১০০২৫/২০১৯ | জনাব মো: আব্দুল মান্নান, সহকারী শিক্ষক, আদাবরিয়া ফাতেমা জহুরা বালিকা দাখিল মাদ্রাসা, উপজেলা-বাউফল, জেলা-পটুয়াখালী। | সচিব, টিএমইডি, ডিজি, ডিএমই ও আরো অন্যান্যসহ মোট ০৭ (সাত) জন। | পটুয়াখালী জেলার বাউফল উপজেলাধীন আদাবাড়িয়া ফাতিমা জহুরা বালিকা দাখিল মাদ্রাসা সুপারের পদ শুন্য থাকায় সহকারী সুপারকে ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব প্রদান এবং ম্যানেজিং কমিটির মেয়াদ ১০/৯/১৯ খ্রি. তারিখে উত্তীর্ণ হবে বিধায় উত্তীর্ণের পর উক্ত কমিটির সভাপতির পরিবর্তে স্থানীয় উপজেলা নির্বাহী অফিসারকে বেতন বিলে প্রতিস্বাক্ষরের অনুমতি প্রদান করে ডিএমই হতে ২৭/৮/২০১৯ তারিখে ৫৭.২৫.০০০০.০০৫.০৪.০৫২.১৮-২৫৪ নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, বাউফল, পটুয়াখালী বরারব (Annexure-D মূলে) পত্র জারি করা হয়।<br>উক্ত স্মারকের বিরুদ্ধে সংক্ষুব্ধ হয়ে পিটিশনার জনাব মো: আব্দুল মান্নান কর্তৃক মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং- ১০০২৫/২০১৯ মামলা দায়ের করা হয়। |

০২। উল্লেখ্য গত ১৬/৯/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী নিষ্পন্ন করে বর্ণিত প্রতিষ্ঠানের সহকারী সুপারকে ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব প্রদান এবং ম্যানেজিং কমিটির মেয়াদ ১০/৯/১৯ খ্রি. তারিখে উত্তীর্ণ হওয়ায় কমিটির সভাপতির পরিবর্তে স্থানীয় উপজেলা নির্বাহী অফিসারকে বেতন বিলে প্রতিস্বাক্ষরের অনুমতি প্রদান করে ডিএমই হতে ২৭/৮/২০১৯ তারিখে ২৫৪ নং স্মারকে (Annexure-D মূলে) জারীকৃত পত্রের কার্যক্রম কেন বেআইনী ঘোষণা করা হবেনা; সে মর্মে ১৪/১০/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়।

০৩। উপরিউক্ত নির্দেশনামতে রিট মামলার বিষয়ে সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল করা হয়েছে কিনা? না হয়ে থাকলে জরুরিভিত্তিতে মহামান্য আদালতে জবাব (Affidavit in Opposition) দাখিলের ব্যবস্থা গ্রহণক্রমে এ বিভাগকে অবহিত করা আবশ্যক।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং- ১০০২৫/২০১৯ মামালার ১৬/০৯/২০১৯ তারিখের নির্দেশনা অনুযায়ী মহামান্য আদালতে জবাব (Affidavit in Opposition) দাখিল করা হয়েছে কিনা? হয়ে থাকলে এর
হালনাগাদ তথ্যাদি, না হয়ে থাকলে জবাব (Affidavit in Opposition) দাখিলক্রমে আগামী ২৮/১১/২০১৯ খ্রি: এর মধ্যে টিএমইডি-কে অবহিত (প্রমাণকসহ) করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক মিঞা) ১৭/১১/১৯
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। অফিস কপি/মাস্টার কপি।